# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৪৮

১/ বিবিধ

আরবী

إنما هو بمنزلة المخاط والبزاق، وإنما يكفيك أن تمسحه بخرقة، أو إذخرة. (يعني المني)
منكر مرفوعا

رواه الدارقطني (46) والبيهقي (2 / 418) من طريق إسحاق بن يوسف الأزرق: أخبرنا شريك عن محمد بن عبد الرحمن عن عطاء عن ابن عباس قال: " سئل النبي صلى الله عليه وسلم عن المني يصيب الثوب؟ قال: " فذكره، وقال الدارقطني: " لم يرو هـ غير إسحاق الأزرق عن شريك (يعني مرفوعا) ، محمد بن عبد الرحمن هو ابن أبي ليلى ثقة في حفظ شيء ". وقال البيهقي: " ورواه وكيع عن ابن أبي ليلى موقوفا على ابن عباس، وهو الصحيح
قلت: وهذا وصله الدارقطني: حدثنا محمد بن مخلد: أخبرنا الحساني: أخبرنا وكيع به. ويرجح هذا أنه ورد موقوفا من طريقين آخرين عن عطاء، فقال الشافعي في " سننه " (1 / 24) : أخبرنا سفيان عن عمرو بن دينار وابن جريج كلاهما يخبره عن عطاء عن ابن عباس رضي الله عنه أنه قال في المني يصيب الثوب، قال: أمطه عنك ـ قال أحدهما ـ بعود أو إذخرة، فإنما هو بمنزلة البصاق والمخاط
قلت: وهذا سند صحيح على شرط الشيخين، وقد أخرجه البيهقي من طريق الشافعي ثم قال: " هذا صحيح عن ابن عباس من قوله، وقد روي مرفوعا، ولا يصح رفعه ".
قلت: وجملة القول أن المرفوع فيه ثلاث علل: الأولى: ضعف محمد بن عبد الرحمن

بن أبي ليلى كما أشار إلى ذلك الدارقطني بقوله " في حفظه شيء " على تسامح منه في التعبير
الثانية: ضعف شريك أيضا وهو ابن عبد الله القاضي، وأستغرب من الدارقطني سكوته عنه هنا، مع أنه قال فيه وقد ساق له حديث وضع الركبتين قبل اليدين عند الهو ي للسجود: " وشريك ليس بالقوي فيما تفرد به ". (انظر الحديث المتقدم 929)
الثالثة: تفرد إسحاق الأزرق بروايته عن شريك مرفوعا، وهو - أعني الأزرق - وإن كان ثقة، فقد خالفه وكيع وهو أو ثق منه، ولذلك رجح روايته البيهقي كما تقدم، لكن يبدو لي أن الراجح صحة الروايتين معا عن شريك، الموقوفة والمرفوعة، وأن هذا الاختلاف إنما هو من شريك أو شيخه ابن أبي ليلى، لما عرفت من سوء حفظهما، فهذا الإعلال أولى من تخطئة إسحاق الأزرق الثقة، وهذا أولى من نصب الخلاف بين الثقتين كما فعل البيهقي من جهة، وابن الجوزي من جهة أخرى، أما البيهقي فقد رجح رواية وكيع على إسحاق، وعكس ذلك ابن الجوزي فقال بعد أن ذكر قول الدارقطني " لم يرفعه غير إسحاق الأزرق عن شريك ": " قلنا إسحاق إمام مخرج عنه في " الصحيحين "، ورفعه زيادة، والزيادة من الثقة مقبولة، ومن وقفه لم يحفظ كذا قال: وقد عرفت أن الصواب تصحيح الروايتين وأن كلا من الثقتين حفظ ما سمع من شريك، وأن هذا أو شيخه هو الذي كان يضطرب في رواية الحديث عن عطاء، فتارة يرفعه، وتارة يوقفه، فسمع الأزرق منه الرفع
، وسمع وكيع منه الوقف، وكل روى ما سمع، وكل ثقة
ومن العجيب أن ابن الجوزي يتغافل عن العلتين الأوليين، ويجادل في العلة الثالثة، وقد عرفت ما في كلامه فيها، ولوسلم له ذلك، فلم يسلم الحديث من العلتين، وأعجب من ذلك أن العلة الأولى قد نبه عليها الدارقطني في جملته التي ذكرنا عنه في أول هذا التحقيق، فلما نقلها ابن الجوزي عنه اقتصر منها على الشطر الأول الذي فيه إعلال الحديث بالوقف، ولم يذكر الشطر الثاني الذي فيه الإشارة إلى العلة الأولى وهي ضعف ابن أبي ليلى! وهذا شيء لا يليق بأهل التحقيق والعلم

ومن الأوهام حول هذا الحديث قول الإمام الصنعاني ـ في " العدة على شرح العمدة " (1 / 404) : ثبت عنه (يعني ابن عباس) مرفوعا إلى النبي صلى الله عليه وسلم أنه قال: إنه بمنزلة البصاق والمخاط.... أخرجه الدارقطني من حديث إسحاق بن يوسف الأزرق: حدثنا شريك.... ". ثم أعاده قائلا (1 / 405) : " وإسناده صحيح كما قال ابن القيم في (بدائع الفوائد) " (1) .
قلت: وهذا هو السبب الذي دفعني إلى كتابة هذا التحقيق حول هذا الحديث، وبيان أن رفعه وهم وإن كان ما تضمنه من الحكم على المني بالطهارة هو الصواب، وحسبنا في ذلك جزم ابن عباس رضي الله عنه بأنه بمنزلة المخاط والبصاق، ولا يعرف له مخالف من الصحابة، ولا ما يعارضه من الكتاب والسنة، وقد حقق القول في المسألة ابن قيم الجوزية في المصدر السابق تحت عنوان " مناظرة بين فقيهين في طهارة المني ونجاسته " (3 / 119 ـ 126) وهو بحث هام جدا في غاية التحقيق

বাংলা

৯৪৮। সেটি (মানী) থুথু ও কপের স্থলাভিষিক্ত। তুমি তাকে নেকড়া বা ইযখির ঘাস দ্বারা মুছে ফেলবে, তাই তোমার জন্য যথেষ্ট।

হাদীছটি মারফু হিসাবে মুনকার।

এটি দারাকুতনী (৪৬) ও বাইহাকী ইসহাক ইবনু ইউসুফ আল-আযরাক সূত্রে শুরায়িক হতে তিনি মুহাম্মাদ ইবনু আবদির রহমান হতে তিনি আতা হতে তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। ইবনু আব্বাস বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কাপড়ে মানী (বীর্য) লাগা সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি উপরোক্ত কথা বলেন।

মারফূ’ হিসাবে শুরায়িক হতে ইসহাক আল-আযরাক ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি। মুহাম্মাদ ইবনু আবদির রহমান ইবনে আবী লায়লা নির্ভরযোগ্য হলেও তার হেফযে কিছু সমস্যা ছিল। বাইহাকী হাদীছটি ওয়াকীর সূত্রে ইবনু আব্বাস (রাঃ) হতে মওকুফ হিসাবে বর্ণনা করেছেন। মওকুফ হওয়াটাই সহীহ।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটি মারফূ’ হওয়ার ক্ষেত্রে তিনটি সমস্যা রয়েছেঃ

১। মুহাম্মাদ ইবনু আবদির রহমান দুর্বল যেমনটি সে দিকে দারাকুতনী ইঙ্গিত করেছেন।

২। শুরায়িকও দুর্বল। তিনি ইবনু আবদিল্লাহ আল-কাযী। শুরায়িক যে হাদীছের ক্ষেত্রে এককভাবে বর্ণনা করেছেন তিনি তাতে শক্তিশালী নন। দারাকুতনী ৯২৯ নং হাদীছে এ কথাই বলেছেন। যদিও তিনি এ হাদীছের মধ্যে তার ব্যাপারে চুপ থেকেছেন।

৩। ইসহাক আল-আযরাক শুরায়িক হতে মারফু’ হিসাবে এককভাবে বর্ণনা করেছেন। যদিও তিনি নির্ভরযোগ্য, কিন্তু তার চেয়ে বেশী নির্ভরযোগ্য ব্যক্তি ওয়াকী তার বিরোধিতা করে মওকুফ হিসাবে বর্ণনা করেছেন। এ কারণেই ওয়াকী’র বর্ণনাকেই অগ্রাধিকার দেয়া হয়েছে। তবে শুরায়িক ও তার শাইখকে উল্লেখ করে হাদীছটির সমস্যা বর্ণনা করাই শ্রেয়। কারণ ইসহাক আল-আযরাক নির্ভরযোগ্য বুখারী ও মুসলিমের বর্ণনাকারী।

কেউ কেউ শুধুমাত্র এই তৃতীয় সমস্যাটি নিয়ে ঝগড়া করেছেন। যেমন ইবনুল জাওযী। তবে তার ব্যাপারে আশ্চর্য হতে হয় এ কারণে যে, তিনি উপরের দুটি সমস্যা নিয়ে কোন কথাই বলেননি।

ইমাম সান’আনী “আল-উদাহ আল শারহিল উমদাহ” (১/৪০৪) গ্রন্থে এ হাদীছটির ব্যাপারে সন্দেহ করে বলেছেনঃ ইবনু আব্বাস (রাঃ) হতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত মারফু হিসাবে হাদীছটি সাব্যস্ত হয়েছে। অতঃপর তিনি (১/৪০৫) বলেছেনঃ হাদীছটির সনদ সহীহ যেমনটি ইবনুল কাইয়্যিম “বাদায়ে উল ফাওয়ায়েদ” গ্রন্থে বলেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ কারণেই আমি হাদীছটি নিয়ে এখানে আলোচনা করেছি। মারফূ’ হিসাবে উল্লেখ করাটা সন্দেহ মাত্র। যদিও মানী (বীর্য) পবিত্র হওয়াটাই সঠিক মত। কারণ ইবনু আব্বাস (রাঃ) দৃঢ়তার সাথে বলেছেনঃ মানী থুথু ও কপের স্থলাভিষিক্ত। সাহাবাদের মধ্য হতে কোন বিরোধী মত ছিল তাও জানা যায় না। এ ছাড়া কুরআন ও সুন্নাহের মধ্যে এমন কিছু পাওয়া যায় না যা এর বিরোধী। এ বিষয়ে ইবনুল কাইয়্যিম আল-জাওযিয়্যাহ উল্লেখিত গ্রন্থের মধ্যে “মানী পাক ও নাপাক হওয়ার ব্যাপারে দু’ ফাকীহর মধ্যে মুনাযারা” অধ্যায়ে (৩/১১৯১২৬) অত্যন্ত গুরুত্বপূর্ণ আলোচনা করেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71827

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন